গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৪২.০৮.০০০১.২৬-৩৪৯

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩
৩০ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: জনাব মোঃ আতিকুর রহমান, উপবিভাগীয় প্রকৌশলী, ঘোড়াশাল ৩য় ইউনিট রি-পাওয়ার্ড সিসিপিপি, বাবিউবো, পলাশ, নরসিংদী (বর্তমানে শিক্ষা ছুটিতে যুক্তরাষ্ট্রে অবস্থানরত)-এর শিক্ষা ছুটি (Study Leave) নামঞ্জুর।

সূত্র : বাবিউবোর স্মারক নম্বর-২৭.১১.০০০০.২১০.১১.৫৮৮.১৭-১৩৩, তারিখ: ১ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা, ১৯৮২ এর ৫০(৪) অনুচ্ছেদ অনুযায়ী একজন নিয়মিত কর্মকর্তার অনুকূলে শিক্ষা ছুটি গড় বেতনে অথবা অর্ধ গড় বেতনে অথবা বিনা বেতনে অসাধারণ ছুটির সমন্বয়ে মঞ্জুর করা যাবে, তবে কোনো অবস্থাতেই একনাগাড়ে ২ (দুই) বৎসরের বেশি শিক্ষা ছুটি দেওয়ার সুযোগ নেই (কপি সংযুক্ত)। ইতঃপূর্বে "জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩" অনুসরণপূর্বক পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করা হলেও জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯.০৭.২০২৫ তারিখের ১৯৭ সংখ্যক পত্রের মাধ্যমে জানা যায় উক্ত নীতিমালা বাবিউবোর ক্ষেত্রে প্রযোজ্য নয় (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ আতিকুর রহমান, উপবিভাগীয় প্রকৌশলী, ঘোড়াশাল ৩য় ইউনিট রি-পাওয়ার্ড সিসিপিপি, বাবিউবো, পলাশ, নরসিংদী (বর্তমানে শিক্ষা ছুটিতে যুক্তরাষ্ট্রে অবস্থানরত)-কে University of Minnesota-Twin Cities, USA-তে Fall 2022 শিক্ষাবর্ষে Doctor of Philosophy (Ph.D) in Mechanical Engineering শীর্ষক অসমাপ্ত কোর্স সমাপ্ত করার লক্ষ্যে তার অনুকূলে চাহিত (২১.০৮.২০২৬ হতে ২০.০৮.২০২৭ তারিখ পর্যন্ত) শিক্ষা ছুটি নির্দেশক্রমে নামঞ্জুর করা হলো।

০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৩০/৯/২৬
মোঃ নাজমুল হামিদ রেজা
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৮০৫৯
Email: admin-2@pd.gov.bd

চেয়ারম্যান (গ্রেড-১)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), ঢাকা।

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৪২.০৮.০০০১.২৬-৩৪৯

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩
৩০ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০২। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ);
০৩। জনাব মোঃ আতিকুর রহমান, উপবিভাগীয় প্রকৌশলী, ঘোড়াশাল ৩য় ইউনিট রি-পাওয়ার্ড সিসিপিপি, বাবিউবো, পলাশ, নরসিংদী (বর্তমানে শিক্ষা ছুটিতে যুক্তরাষ্ট্রে অবস্থানরত); এবং
০৪। অফিস/মাস্টার কপি।

৩০/৯/২৬
মোঃ নাজমুল হামিদ রেজা
উপসচিব